# গোদাগাড়ী উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ- জনাব, মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী

স্থান ঃ- ভাইস চেয়ারম্যান'র কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী

তারিখ ঃ- ২৫ অক্টোবর ২০২১, সময়- সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পঠন ও অনুমোদনঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববতী সভার কার্যাবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যাবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ বাজার মূল্য পর্যবেক্ষণ পরিদর্শন ও নিয়ন্ত্রণ কমিটি সংক্রান্ত আলোচনা ঃ

| কমিটির নাম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| বাজার মূল্য পর্যবেক্ষণ পরিদর্শন ও নিয়ন্ত্রণ কমিটি | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরজমিনে বাজার পরিদর্শন করবেন। | ১। রিশিকুল বাজার ও কাজিপাড়া হাট পরিদর্শন করেছেন। |
| | ২। বাজারে কিছু কিছু দ্রব্যর মূল্য বেশি, তার কারণ নির্ণয় করন। | ২। বাজার তদারকি ও নজরদারী চলছে। |
| | ৩। উপজেলা ভোক্তা অধিকার সঠিক পাচ্ছে কিনা সেটা সঠিক ভাবে মনিটরিং করতে হবে। | ৩। আগামীতে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হবে। |

অত্র কমিটির সদস্য-সচিব ও ভাইস চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এবং পরিবেশ সংরক্ষন আইন এর আওতায় অত্র উপজেলার বিভিন্ন স্থানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে জনসাধারণকে সচেতন করা হচ্ছে। তিনি সভায় আরো জানান যে, এ বিষয়ে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে এবং ভবিষ্যতেও এতদবিষয়ে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০১। অত্র উপজেলায় খাদ্য দ্রব্যে ভেজাল/ক্ষতিকর দ্রব্যাদি মেশানোসহ ভোক্তা অধিকার সংরক্ষণের স্বার্থে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯এর আলোকে নিয়মিতভাবে ভ্রাম্যমান আদালত পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ভোক্তা অধিকার যথাযথভাবে সংরক্ষণের জন্য প্রশাসনসহ জনপ্রতিনিধিদের নিজ নিজ অবস্থানে থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। পরিবেশ সংরক্ষণের জন্য প্রশাসনসহ জনপ্রতিনিধিদের নিজ নিজ অবস্থানে থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। পৌরসভার স্বাস্থ্য পরিদর্শক এর অনুমোদন/ছাড়পত্র ছাড়াও অবাধে যত্রতত্র অবাধে গরু জবাই ও বিক্রয় না করা এবং আবর্জনা-বর্জ্য দ্রুততার সাথে সরানোর সংশ্লিষ্ট সকলকে সতর্ক করার এবং পৌর এলাকার বিভিন্ন রাস্তায় নির্মিত ড্রেনসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর মেয়রদ্বয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।

২নং পৃষ্ঠায় দ্রষ্টব্য...

প্রস্তাবিত সিদ্ধান্ত ঃ উপজেলার বিভিন্ন বাজারসমূহে বিভিন্ন ফলমূল সমূহ এবং বিভিন্ন খাদ্য সামগ্রীতে ফরমালিন প্রয়োগ রোধকল্পে মোবাইল কোর্ট পরিচালনার জন্য মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আব্দুল মালেক)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

স্মারক নং- উখানিঃ/২০২১- 809 তারিখ ঃ ২৫ অক্টোবর ২০২১

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) ঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী
০২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
০৩। চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি
০৪। চেয়ারম্যান, মাটিকাটা ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি
০৫।
০৪। অফিস কপি

২৫/১০/২১
(মোঃ জামাল উদ্দিন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

## ২৫ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান গোগ্রাম ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, মাটিকাটা ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য | |
| ০৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য- সচিব, উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য-সচিব | |